# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ২. ২. গণনাপুস্তক

তৌরাতের চতুর্থ পুস্তক ‘গণনা’ বা ‘শুমারী’। এ পুস্তকের হত্যানির্দেশনা সম্পর্কে ‘মৃত্যুদণ্ড দৃশ্যকল্প’ (Execution Scenario) লেখেছেন গ্যারি ডেভানি:

“The warden stated: You have been found guilty of theft and four (4) counts of murder. By the laws of this state, your life will be forfeited at 12:01 by lethal-injection. Do you have any last words? Prisoner: Yes warden. I have heard clergy. I am God-fearing and I want to be, what I interpret to be, God-like. I confess that I went into another family’s home and took their valuables. When the father objected I murdered him, and his wife. The reason I murdered his little children too, was so they couldn’t come back on me in later years. In the Bible, God ordered Moses and Joshua to take peoples’ lands and to murder every man, woman and child in the process. I know that I am one of God’s elect. I believe in God’s unmerited gifts. I will be rewarded for doing what I believe God told me to do. With God, through Jesus, I am forgiven and innocent. You are a man who cannot understand the wonderment of God and the spirit of the Holy Ghost. Although, you may kill me, my spirit will live in the house of the Lord, through Jesus Christ, forever. You now will have to live with what you have done to me, God’s saved-elect servant. God and I will deal with you warden!

“জেলার কয়েদীকে বললেন: চুরি এবং চারজন মানুষকে হত্যা করার বিষয়ে আপনার অপরাধ প্রমাণিত হয়েছে। রাষ্ট্রীয় আইন অনুসারে ১২.০১ টায় বিষাক্ত ইনজেকশনের মাধ্যমে আপনাকে মৃত্যুদণ্ড প্রদান করা হবে। কোনো শেষ বক্তব্য কি আপনি বলতে চান? কয়েদী বললেন : “জি, হ্যাঁ। আমি পাদরির কথা শুনেছি। আমি ঈশ্বরকে ভয় করি এবং আমি চাই যে, আমি যা ব্যাখ্যা করব তা ঈশ্বরের মতই হোক। আমি স্বীকার করছি যে, আমি অন্য একটা পরিবারের বাড়িতে ঢুকে তাদের মূল্যবান দ্রব্যাদি চুরি করছিলাম। বাড়ির কর্তা আমাকে আপত্তি করলে আমি তাকে ও তার স্ত্রীকে হত্যা করি। সন্তানদেরকে হত্যা করার কারণ, আমি চাইনি যে, পরবর্তী সময়ে বড় হয়ে তারা আমার বিরুদ্ধে লাগুক। বাইবেলের মধ্যে ঈশ্বর মোশি এবং যিহোশূয়কে আদেশ করেছেন অন্য মানুষদের দেশ অধিকার করতে এবং এ প্রক্রিয়ায় সে সকল দেশের প্রতিটা পুরুষ, নারী ও শিশুকে হত্যা করতে। আমি জানি, আমি ঈশ্বরের একজন মনোনীত। আমি ঈশ্বরের অযাচিত দানে বিশ্বাস করি। ঈশ্বর আমাকে যা বলেছেন তা পালন করার কারণে আমি পুরস্কৃত হব বলে আমি বিশ্বাস করি। ঈশ্বরের সাথে, যীশুর মাধ্যমে আমি ক্ষমা লাভ করেছি এবং আমি নিষ্পাপ। আপনি এমন একজন মানুষ যিনি ঈশ্বর এবং পবিত্র আত্মার বিস্ময়করতা অনুধাবন করতে পারেন না। যদিও আপনি হয়ত আমাকে হত্যা করবেন, তবে আমার আত্মা অনন্তকাল যীশু খ্রিষ্টের মাধ্যমে ঈশ্বরের

বাড়িতে বাস করবে। আমি ঈশ্বরের একজন মনোনীত ও সংরক্ষিত দাস। আমাকে হত্যা করার পরিণতির মধ্যেই আপনাকে বাস করতে হবে। জেলার, ঈশ্বর এবং আমি আপনার বিষয়টা দেখব!’’[1]

## ফুটনোট

[1] Numbers: http://www.thegodmurders.com/id34.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14520

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন